৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৪১তম (নভেম্বর, ২০২২খ্রি. মাসের) সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ শাহিদ মাহমুদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

উপদেষ্টা ঃ জনাব আসাদুজ্জামান নূর
মাননীয় সংসদ সদস্য, ১৩, নীলফামারী-২
ও উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

তারিখ ঃ ১৪ নভেম্বর, ২০২২খ্রি.।

সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য।

সভার শুরুতে উপস্থিত মাননীয় সংসদ সদস্য, ১৩, নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর মহোদয়কে এবং অন্যান্য সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর গত ৩০-১০-২০২২খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৬টি কমিউনিটি ক্লিনিক এবং ২টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র সপ্তাহে ৬দিন খোলা রেখে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান করা হচ্ছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নীলফামারী সদর উপজেলার ৮টি কমিউনিটি ক্লিনিকে নিরাপদ প্রসব কক্ষ নির্মাণ কাজ চলমান রয়েছে। তিনি মাননীয় উপদেষ্টা মহোদয়ের দৃষ্টি আকর্ষনপূর্বক জানান যে, এ উপজেলা স্বাস্থ্যসেবা খাতকে অগ্রাধিকার দিয়ে পর্যায়ক্রমে অবশিষ্ট কমিউনিটি ক্লিনিকগুলোতে নিরাপদ প্রসব কক্ষ নির্মাণে সুদৃষ্টি কামনা করেন। এ পর্যায়ে মাননীয় উপদেষ্টা মহোদয় অবশিষ্ট কমিউনিটি ক্লিনিকগুলোতে নিরাপদ প্রসব কক্ষ নির্মাণের জন্য অগ্রাধিকার ভিত্তিক তালিকা প্রস্তুতপূর্বক দাখিলের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। | ১। প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদানে নিয়মিত ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক পরিদর্শন/মনিটরিং করতে হবে।<br>২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৮টি কমিউনিটি ক্লিনিকে নিরাপদ প্রসব কক্ষের গুণগত মান বজায় রেখে নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।<br>৩। যেসব কমিউনিটি ক্লিনিকে নিরাপদ প্রসব কক্ষ নির্মাণের প্রয়োজনীয়তা রয়েছে। সেসব কমিউনিটি ক্লিনিকের তালিকা প্রস্তুতপূর্বক মাননীয় উপদেষ্টা মহোদয় বরাবর দাখিল করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর।<br>২। উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি সম্পসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি আমন মৌসুমে আগাম জাতের ধান কর্তন শুরু হয়েছে এবং আশানুরুপ ফলন হয়েছে। আসন্ন রবি মৌসুমে এ উপজেলায় ৩০০০মেঃটন সরিষা আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বাজারে রাসায়নিক সার ও কীটনাশকের বাজারদর স্বাভাবিক রয়েছে এবং বাজার মূল্য নিয়মিত মনিটরিং করা হচ্ছে। মাননীয় উপদেষ্টা মহোদয়কে কৃষি খাতে সুদৃষ্টি রাখার জন্য তিনি অনুরোধ করেন। | ১। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>২। কৃষি খাতের সমস্যাগুলি চিহ্নিত করে উপদেষ্টা মহোদয়কে এবং উপজেলা পরিষদকে অবগত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, গত ০৭ হতে ২৮ অক্টোবর, ২০২২খ্রি. পর্যন্ত সারা দেশের ন্যায় নীলফামারী সদর উপজেলাতেও ইলিশ মাছ বিক্রয় বন্ধের জন্য নিয়মিত বাজার মনিটরিং করা হয়েছে। মৎস্য অধিদপ্তর কর্তৃক নিষিদ্ধ ঘোষিত মাছ ও কারেন্ট জাল বিক্রয় বন্ধের কার্যক্রম চলমান রয়েছে। সরকারি ১(এক) লক্ষ কাটা বরাদ্দের বিপরীতে নীলসাগর দিঘিতে পোনা মাছ অবমুক্ত করা হয়েছে। | নিষিদ্ধ মাছ ও কারেন্ট জাল বিক্রয় বন্ধে নিয়মিত হাট বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| **০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, অক্টোবর, ২০২২খ্রি. মাসে তার দপ্তর হতে ১০০০টি গবাদিপশু ও ১২৪০০টি হাসমুরগির টিকিৎসা টিকা প্রদান করা হয়েছে এবং ২০০০টি গবাদিপশু ও ১১৫৮৭টি হাসমুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন কার্যক্রমের আওতায় হিমায়িত সিমেনদ্বারা ৪৪০টি ও তরল সিমেনদ্বারা ৬২৪টি গবাদিপশুকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। | গবাদিপশু ও হাঁস-মুরগি পালনের উপর সাধারণ জনগণকে প্রশিক্ষণের মাধ্যমে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা নীলফামারী সদর। |
| **০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ হতে অক্টোবর, ২০২২খ্রি. মাসে খাবার বড়ি ২৭৩৩৩ চক্র, আপন ৭৮৫ চক্র, কনডম ১৩১২২ পিস, ইনজেকশন ৩২৯৫ ভায়াল বিতরণ করা হয়েছে এবং আই.ইউ.ডি ৩৮ জনকে, ইমপ্ল্যান্ট ৬১ জনকে ও ই.সি.পি ২৬ জনকে প্রদান করা হয়েছে। এছাড়াও পুরুষ ০১জন ও মহিলা ২৩জনসহ মোট ২৪জনকে স্থায়ী পদ্ধতি প্রদান করা হয়েছে। | পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে জনসাধারণকে উৎসাহ প্রদান করতে হবে। | ২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার নীলফামারী সদর। |
| **০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলা পরিষদ চত্বরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ৫৩৫২৮৬/-টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং বিধি বিধান/ নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে বঙ্গবন্ধু ম্যুরালের বেদী নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর ২৫-০৮-২০২২খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬. ১৮.০২৬. ১২.৫২৮নং স্মারকে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। তিনি প্রকল্পটি দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য রিকুয়েস্ট ফর কোটেশন(আরএফকিউ) পদ্ধতিতে বাস্তবায়নের জন্য প্রস্তাব পেশ করেন। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। | ১। উপজেলা পরিষদের বঙ্গবন্ধু ম্যুরালের বেদী নির্মাণের জন্য রিকুয়েস্ট ফর কোটেশন(আরএফকিউ) পদ্ধতিতে প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভা আহবান করে বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প চূড়ান্ত করে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীফামারী সদর। |
| **০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২অর্থ বছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাসহ সকল প্রকার ভাতা সুষ্ঠভাবে বিতরণ সম্পন্ন হয়েছে এবং পল্লী সমাজসেবা ও পল্লী মাতৃকেন্দ্রসহ ঘূর্ণয়মান তহবিলের ঋণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর। |
| **০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর জানান যে, আত্মকর্মসংস্থান প্রকল্পের আওতায় ঋণ বিতরণ করা হয়েছে ৪৮০০০০/-টাকা, আদায় হয়েছে ১০৯৬০৭/-টাকা, খেলাপী(মেয়াদ উত্তীর্ণ) আদায় ১৫,১৬৪/-টাকা। উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় ঋণ আদায় হয়েছে ২৫৫০৮/-টাকা, খেলাপী (মেয়াদ উত্তীর্ণ) আদায় ১২২৫৫/-টাকা। ঋণ আদায়ের হার সন্তোষজনক। | যথা নিয়মে ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| **০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ** উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারী কার্যপত্রের মাধ্যমে সভাকে জানান যে, মহিলাদের জীবিকায়নের জন্য ৫টি ট্রেডে ১০জন করে মোট ৫০জনকে দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। দুঃস্থ মহিলা উন্নয় কর্মসূচির (ভিজিডি) আওতায় অক্টোবর ২০২২ মাসের পুষ্টি চাল বিতরণ করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় জুন/২০২১ মাস হতে ইউনিয়ন পর্যায়ে ভাতাভোগী নির্বাচন কার্যক্রম বন্ধ আছে। দরিদ্র মার জন্য মাতৃত্বকালীন ভাতা জিটুপি পদ্ধতিতে ২০২১-২০২২ অর্থ বছরের উপকারভোগীদের ভাতা বিতরণ কার্যক্রম চলমান আছে। ক্ষুদ্রঋণদান কর্মসূচির আওতায় সদর উপজেলায় ২০৪৭৫/-টাকা ঋণ আদায় হয়েছে। কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান আছে। বাল্যবিবাহ, মানবপাচার ও কর্মস্থলে যৌন হয়রানি নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। নারী ও শিশু নির্যাতন এবং পাচার প্রতিরোধে সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হচ্ছে এবং যৌতুক, বাল্যবিবাহ, ধর্ষণ ও ইভটিজিং প্রতিরোধে জেলা কমিটির মাধ্যমে সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হচ্ছে। | ১। প্রশিক্ষণার্থীদের নারী উদ্যোক্তা হিসেবে তৈরী হতে উৎসাহ প্রদান করতে হবে।<br>২। দুঃস্থ মহিলা উন্নয় কর্মসূচির (ভিজিডি) আওতায় সংশ্লিষ্ট মিলারের মাধ্যমে পুষ্টি চাল বিতরণ নিশ্চিত করতে হবে।<br>৩। ক্ষুদ্রঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br>৪। নারী ও শিশু নির্যাতন এবং পাচার প্রতিরোধে উপজেলা পর্যায়ে সচেতনতামূলক সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর নীলফামারী। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজের বরাদ্দ পাওয়া গিয়েছে এবং উপজেলা ওয়াটসান কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সাইট লিষ্ট প্রাপ্তি সাপেক্ষে শীঘ্রই স্থাপন কাজ শুরু হবে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩য় ধাপে ৩০টি অগভীর নলকূপের স্থাপন কাজ চলমান রয়েছে। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট ১৮টি এর স্থাপন কাজ চলমান রয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে জিপিএস/এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। | ১। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ে প্রাপ্ত সাইট লিষ্ট অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে স্থাপন কাজ সমাপ্ত করতে হবে।<br>২। চলমান প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী<br>ডিপিএইচই<br>নীলফামারী সদর। |
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। গত ১৮ অক্টোবর, ২০২২খ্রি. তারিখ শেখ রাসেল দিবস যথাযথভাবে সকল প্রাথমিক বিদ্যালয়ে উদযাপন করা হয়েছে। তিনি আরও জানান যে, সোনারায় ইউনিয়নের বেড়াকুঠি বড়ুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে স্কুল চলাকালীন সময়ে বাঁশের হাট বসে। সে কারনে শিক্ষার্থীদের স্কুলে আগমন এবং পাঠদানে সমস্যা সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে তিনি উপজেলা পরিষদের হস্তক্ষেপ কামনা করেন। | সোনারায় ইউনিয়নের বেড়াকুঠি বড়ুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ হতে বাঁশের হাট অন্যত্র স্থানান্তরের জন্য সোনারায় ইউপি চেয়ারম্যান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী সভায় উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। | চেয়ারম্যান, সোনারায় ইউনিয়ন পরিষদ<br>নীলফামারী সদর |
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা সমবায় অফিসার, নীলফামারী সদর জানান যে, সমবায় বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | আগামী সভায় সমবায় বিভাগের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২২ সালের এইচএসসি ও আলিম পরীক্ষা চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান এবং অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান। | মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয় মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরে সাধারণ টিআর ও কাবিটা প্রকল্পের বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। মুজিব বর্ষের ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের কাজ চলমান রয়েছে। | ১। নির্ধারিত সময়ের মধ্যে টিআর ও কাবিটা প্রকল্পের সমাপ্ত করতে হবে।<br>২। গুণগতমান বজায় রেখে মুজিব বর্ষের ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের ঘর নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি, নীলফামারী সদরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | চলমান প্রকল্পের কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| ১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী সদর জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | প্রতি মাসের প্রথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী সদর |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান অফিসার জানান অক্টোবর, ২০২২খ্রি. মাসে উপজেলা পরিসংখ্যান অফিস কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>১৮.১। পাট ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরীপ প্রস্তুতপূর্বক রজলা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। আমন ফসলের পূর্বাভাস জরীপ প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। ৪র্থ নমুনা দাগগুচ্ছ জরীপ প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। আউশ ও পাট ফসলের আনুমানিক হিসাব জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৫। এসভিআরএস প্রকল্পের আওতায় জনতাত্বিক বিভিন্ন সূচক নির্ধারণের জন্য এ উপজেলার ৩টি নমুলা এলাকায় স্থানীয় রেজিস্টার ও সুপারইভারগণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।<br>১৮.৬। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক আছে। বর্তমানে কোন সমস্যা নাই। | আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বদা সজাগ থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, নীলফামারী এর প্রতিনিধি সভায় জানান যে, আমন মৌসুম চলমান রয়েছে। আমন মৌসুমে ৬৩টি গভীর নলকূপের মধ্যে ৪১টি গভীর নলকূপ ব্যবহার করে প্রায় ৮৯২ হেক্টর জমিতে সেচ প্রদান করা হয়েছে। আমন ধানের পাশাপাশি বর্ষাকালীন শাক-সবজিতেও সেচ প্রদান হয়েছে। ইআইআর প্রকল্পের আওতায় নীলফামারী সদর উপজেলায় ০২(দুই)টি এল এল পি স্থাপনের লক্ষ্যমাত্রা রয়েছে । এছাড়াও কৃষকদের মাঝে ০.৫ মে.টন জিরাশাইল, ব্রি-৮১ ও ব্রি-৮৪ জাতের ধান বীজ স্বল্প মূল্যে বিতরণ করা হচ্ছে। তিনি আরও জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে জিরাশাইল, ব্রি-৮১ ও ব্রি-৮৪ জাতের ধান বীজ স্বল্প মূল্যে বিতরণ অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ নীলফামারী। |
| ২১. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ): কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) জানান যে, নীলফামারী সদর ইউনিট অফিসের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে । বর্তমানে কোন সমস্যা নাই। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |
| ২২. নির্বাচন কমিশনঃ উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, গত ১৭ অক্টোবর, ২০২২ নীলফামারী জেলা পরিষদ নির্বাচন সুষ্ঠভাবে অনুষ্ঠিত হেয়েছে। নির্বাচনী কাজে সহযোগিতাকারী সকল সকল ব্যাক্তি/প্রতিষ্ঠানকে তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন। | সকল নির্বাচন সুষ্ঠভাবে আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার নীলফামারী সদর। |
| ২২. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা জানান যে, পাট চাষীদের আগামী মাসে প্রশিক্ষণের আয়োজন করা হবে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। নির্ধারিত সময়ের মধ্যে পাট চাষীদের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৩. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, প্রকল্প কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী প্রাথমিক স্বাস্থ্য পরিক্ষা কর্মসূচির আওতায় তথ্যকেন্দ্রে আগত এবং ডোর টু ডোর সেবাগ্রহীতাগণকে সেবা প্রদান করা হচ্ছে। অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উঠান বৈঠকের আয়োজন করা হবে। | নারীদের প্রাথমিক স্বাস্থ্য পরিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উঠান বৈঠকের আয়োজন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৪. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় জানা যায় যে, ২০২১-২০২২ অর্থ বছরের অর্থায়নে বিভিন্ন ইউনিয়নে ৮টি কমিউনিটি ক্লিনিকে ডেলিভারী রুম নির্মাণ কাজ চলমান রয়েছে। সক্ষমতাবৃদ্ধিমূলক ৭টি উপপ্রকল্পের কার্যক্রম সম্পন্ন হয়েছে। | কমিউনিটি ক্লিনিকে ডেলিভারী রুম নির্মাণ কাজ নিয়মিত মনিটরিং করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর<br>২।ইউডিএফ, উজিডিপি নীলফামারী সদর। |

আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ রাজস্ব খাতের ব্যয় অনুমোদন।

সভায় জানানো হয় যে, অক্টোবর, ২০২২খ্রি. মাসে নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| রাজস্ব বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ১৯/২০২২-২৩ | ০১/১০/২০২২খ্রি. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর সেপ্টেম্বর, ২০২২ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ৪৫,০০০.০০ |
| ২০/২০২২-২৩ | ০১/১০/২০২২খ্রি. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর সেপ্টেম্বর, ২০২২ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ২১/২০২২-২৩ | ০১/১০/২০২২খ্রি. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর সেপ্টেম্বর, ২০২২ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ২২/২০২২-২৩ | ০১/১০/২০২২খ্রি. | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ২জন কর্মচারির সেপ্টেম্বর, ২০২২ মাসের মজুরি বিল। | ২৫,০০০.০০ |
| ২৩/২০২২-২৩ | ২০/১০/২০২২খ্রি. | প্রধান শিক্ষক, খোকশাবাড়ী মনির উদ্দিন উচ্চবিদ্যালয়কে আন্ত: বিদ্যালয় গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় রংপুর অঞ্চল পর্যায়ে অংশগ্রহণের জন্য আর্থিক সহায়তা প্রদান বিল। | ১৫,০০০.০০ |

চলমান

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৪/২০২২-২৩ | ৩১/১০/২০২২খ্রি. | উপজেলা পরিষদের জুলাই, ২০২২ হতে অক্টোবর, ২০২২ পর্যন্ত আপ্যায়ন ব্যয় বিল। | ১২০০০০.০০ |
| ২৫/২০২২-২৩ | ৩১/১০/২০২২খ্রি. | উপজেলা পরিষদের জুলাই, ২০২২ হতে অক্টোবর, ২০২২ পর্যন্ত আনুষঙ্গিক ব্যয় বিল। | ২০০০০.০০ |

আলোচ্যসূচি বিবিধ ০২। উপদেষ্টা মহোদয়ের দিক নির্দেশনাবলী।

সভায় জনাব আসাদুজ্জামান নুর, মাননীয় সংসদ সদস্য, ১৩, নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ মহোদয় উপস্থিত সকল জনপ্রতিনিধি ও কর্মকর্তাগণকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান আমরা সকল পর্যায়ের জনপ্রতিনিধি ও কর্মকর্তাগণ সম্মিলিতভাবে জন কল্যাণে কাজ করছি। প্রান্তিক জনগণ যাতে সহজে সরকারি সেবা পায় সেজন্য সকলকে আন্তরিকতার সাথে কাজ করতে হবে। তিনি ইউনিয়ন পর্যায়ে অবস্থিত সেবা প্রদানকারী প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানের মনিটরিং বাড়াতে সংশ্লিষ্ট সকলকে আহবান করেন। অবশেষে সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন এবং অদ্যকার সভায় গৃহীত সকল সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

পরিশেষে উপদেষ্টা মহোদয় তাঁর ব্যস্ততম সময়ে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত থেকে দিক নির্দেশনা প্রদানের জন্য উপজেলা পরিষদের পক্ষ থেকে কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয় এবং এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শাহিদ মাহমুদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

CamScanner

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |
| --- |

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১.৬৭(৫০)

তারিখঃ ০২ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
১৭ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা.........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

১১। চেয়ারম্যান, ............................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

১৭/১১/২০২২

(জেসমিন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর ০৫৫১-৬১৩৯৬
ই-মেইলঃ unonilphamari@mopa.gov.bd

১৭/১১/২২